ঝিনাইদহে দালাল চক্রের হাতে বিআরটিএ কর্মকর্তা লাঞ্ছিত

ঝিনাইদহ বিআরটিএ অফিসের দালালের হাতে তারিক হাসান নামের এক কর্মকর্তা লাঞ্ছিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ বিআরটিএ অফিসে মোটরযান পরিদর্শক তারিক হাসান এ লাঞ্ছিতের ঘটনার শিকার হন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গত বৃহস্পতিবার দুপুরে নিজের কর্মস্থল বিআরটি’এ অফিসে নিজ কক্ষে অবস্থান করছিলেন মোটরযান পরিদর্শক তারিক হাসান। সে সময়ে ওলিয়ার রহমান নামের এক দালাল মোটরযান পরিদর্শক তারিক হাসানের রুমের মধ্যে ঢুকে গালি-গালাজ শুরু করে। সেসময় তারিক হাসান তাদের অফিস থেকে বের হতে বললে ওলিয়ার তার উপর চড়াও হয়। এক পর্যায়ে তাকে ধাক্কা দেয়। বিষয়টি দেখে অফিসের অন্যরা এগিয়ে এলে দালালরা পালিয়ে যায়।

এ বিষয়ে ঝিনাইদহ বিআরটি’র মোটরযান পরিদর্শক তারিক হাসান বলেন, দালাল ওলিয়ারকে অফিসের বাইরে যেতে বলায় তারা আমার ওপর চড়াও হয় এবং অকথ্য ভাষায় গালিগালাজ ও মারতে তেড়ে আসে। এছাড়াও আমাকে প্রাণে মেরে ফেলার হুমকি ও দেয়। তিনি আরও বলেন, আমি নিরাপত্তাহীনতায় ভুগছি এজন্য যে তারা যে কোন সময় আমার ওপর হামলা করতে পারে যে কারণে জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে ঝিনাইদহ সদর থানায় একটি জিডি করার প্রস্তুতি নিচ্ছি।

এ ব্যাপারে ঝিনাইদহ বিআরটি’র সহকারী পরিচালক আতিয়ার রহমান বলেন, কিছু দালাল চক্র অফিসের মধ্যে প্রবেশ করে এ অপ্রীতিকর ঘটনা ঘটিয়েছে। আমি ইতিমধ্যে জেলা প্রশাসক মহোদয়কে বিষয়টি অবগত করেছি। এ ধরনের ঘটনা এড়াতে অনতিবিলম্বে দালালচক্রের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।